কালীগঞ্জে প্রতিষ্ঠা বার্ষিকীতে ছাত্রদলের বর্ণাঢ্য র্যালী

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটা, বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৯ টার দিকে শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। এরপর সেখানে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটা হয়। এরপর সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় কালীগঞ্জ উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম-আহবায়ক তবিবুর রহমান মিনি।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি আহম্মেদ জনি, সহ-সভাপতি হাদিউজ্জামান জুয়েল, উপজেলা ছাত্রদল এর সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, কলেজ ছাত্রদলের আহবায়ক সাজিদ হাসান জনি, সদস্য সচিব কামরুল ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক এরশাদ হোসেন সোনা, সহ-সাংগঠনিক সম্পাদক ইশতিয়াক পারভেজ, বিজ্ঞান ও গবেষণা বিষয়ক সম্পাদক নাহিদ পারভেজ, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়ক মোঃ আলাউদ্দিন,

শাহাদৎ হোসেন রিওন, তারেকুর রহমান টিপু, পৌর ছাত্রদলের মুশফিকুর রহমান তানভীর, হাসানুজ্জামান ইবন, আশরাফুল ইসলাম নিরব, সাকিবুল হাসান, শিপন আহমেদ কলেজ ছাত্রদলের সিনিয়র যুগ্ম-আহবায়ক আল আমিন, যুগ্ম-আহবায়ক হারুন-উর রশিদ রাজা, ইফতি জাহান, দিপু পারভেজ, খালেদ সাইফুল্লাহ শাওন, জেলা ছাত্রদলের সদস্য মুন্না মোল্লা,

সদস্য মালেক জিহাদী, উপজেলা ছাত্রদলের সদস্য মনিরুজ্জামান মুন্না, সাব্বির হাসান, চঞ্চল হোসেন, সোহেল রানা, জুয়েল মিয়া,

রাজিবুল ইসলাম রাজিব, পৌর ছাত্রদলের সদস্য তারেক মাহমুদ, শাকিবুল হাসান শান্ত, মোস্তফা কামাল, কলেজ ছাত্রদলের সদস্য শাহরিয়ার হাসান সীমান্ত, ফাহিম শাহরিয়ার, খালিদ হাসান রকিসহ ছাত্রদলের প্রায় ৩ শতাধিক নেতাকর্মী।

সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা জামে মসজিদের উদ্বোধন

ঝিনাইদহ সদরের, সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা উত্তর পাড়া জামে মসজিদের উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ এ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান জনাব আলাউদ্দিন আল মামুন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি, শেখ মোঃ মোজাম্মেল হোসেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ, ত্রিমোহনী চাউল কল মিল মালিক সমিতির সাধারণ সম্পাদক, মোঃ আকতার হোসেন ভান্ডারী, যুগ্ম-সাধারণ সম্পাদক, আরশাদ আলী।

৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, মোঃ শাহাদাত হোসেন সদা, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি (ভারপ্রাপ্ত) মোখলেসুর রহমান শিলু, হাজী আনোয়ার হোসেন, হাজী আঃ মান্নান, কাজী শহিদুল ইসলাম, কাজেম আলী মেম্বর, শহিদুল ইসলাম মেম্বর, ফজের আলী মেম্বর, হুসিয়ার রহমান মেম্বর, মিজানুর রহমান মেম্বর, মোঃ ফজলু করিম, আমজাদ হোসেন সরকার, বেদন মিয়া, বাতেন সরকারসহ অত্র এলাকাবাসী।

মসজিদ নির্মাণের জন্য, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, শাহাদাৎ হোসেন সদা ০৬ শতাংশ এবং সিরাজ হোসেন মাস্টার ০৭ শতাংশ জমি দান করেছেন।

এছাড়াও অত্র মসজিদের সভাপতি বেদন মিয়া ০২ টন রড দান করেছেন। সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান, আলাউদ্দিন আল মামুন ১০০ বস্তা সিমেন্ট, বিশিষ্ট ব্যবসায়ী হাজী আঃ মান্নান ৬০ বস্তা সিমেন্ট, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ ৫০ বস্তা সিমেন্ট, মোঃ মনির হোসেন ৫০ বস্তা সিমেন্ট, হাজী আনোয়ার হোসেন আনা ৩০ বস্তা সিমেন্টসহ সর্বমোট ৬৪৭ বস্তা সিমেন্ট দেয়ার ঘোষণা করেছেন উপস্থিত জনতা।
এছাড়াও, আঃ রশিদ মহুরী জমি রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ১ গাড়ি ইট, আমির হোসেন ভান্ডারী ১গাড়ি ইট, হাজী রজ্জত হোসেন ১ গাড়ি ইট দেয়ার ঘোষণা দিয়েছেন।

উপস্থিত জনতা আজকের আলোচনা সভায় সর্বমোট ২,৪৬৫০০/- টাকা, যার মধ্যে নগদ ৮২,৭০০/- দান করেছেন।

এছাড়াও ঝিনাইদহ ০২ আসনের সংসদ সদস্য তাহজিব আলম সিদ্দিকী (সমি) এম.পি ৩,০০০০০/- তিন লক্ষ টাকা এবং সদর উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ এ্যাড. আঃ রশিদ উপজেলা পরিষদের বরাদ্দ থেকে ২,০০০০০/- দুই লক্ষ টাকা দেয়ার ঘোষণা দেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

কালীগঞ্জে ক্যারাভান রোড শো উদ্ভোধন

‘জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য’ এই স্লোগানে মুজিব বর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে কালীগঞ্জ উপজেলায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক “ক্যারাভান রোড শো” এর আয়োজন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে কালীগঞ্জ উপজেলা চত্বর থেকে ‘ক্যারাভান রোড শো’ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার এবং ক্যারাভান শো

উদ্ভোধন করেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এছাড়াও কালীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিক, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রাণী সাহা, ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর প্রতিনিধিসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ এবং অন্যান্য অতিথি ও মিডিয়া কর্মীগণ উপস্থিত ছিলেন।

এসময় উপস্থিত জনসাধারণের মাঝে আনোয়ারুল আজীম আনার ও জেলা প্রশাসক সরোজ কুমার বিনামূল্যে মাস্ক বিতরণ করেন।

ক্যারাভান বাহনটি কালীগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় গিয়ে নিরাপদ খাদ্য সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষে প্রামাণ্য চিত্র প্রদর্শন ও লিফলেট বিতরণ করবে।

কালীগঞ্জে নলকূপ স্থাপন নিয়ে সৃষ্ট বাদানুবাদে ১৪৪ ধারা জারি

ঝিনাইদহের কালীগঞ্জে অগভীর নলকূপ স্থাপন নিয়ে সৃষ্ট বাদানুবাদের প্রেক্ষিতে ১৪৪ ধারা জারি করেছে আদালত। ৩০ ডিসেম্বর ঝিনাইদহের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মোঃ আরিফুজ্জামান ১৪৪ ধারা জারি করেন।

মামলার বিবরণে জানা যায়, কালীগঞ্জ উপজেলার তেতুলবাড়িয়া গ্রামের আতিয়ার রহমানের ছেলে রকিবুল ইসলাম পার্শ্ববর্তী সাদিকপুর গ্রামের গোপালচন্দ্র ঘোষের একটি অগভীর নলকূপ লীজ নিয়ে কৃষি জমিতে সেচ কাজ করে আসছিল।

নলকূপটি একই এলাকার সাতগাছিয়া গ্রামের মাঠে অবস্থিত। সম্প্রতি সাতগাছিয়া গ্রামের মৃত খোদা বকস এর ছেলে মোঃ আব্দুল ওহাব ওই নলকূপের মাত্র ৩০০ ফুট দূরে আরো একটি নলকূপ স্থাপনের কাজ শুরু

করে। নিয়ম রয়েছে সেচ কাজে ব্যবহৃত একটি নলকূপ থেকে আরেকটি নলকূপের দুরত্ব কমপক্ষে ৭৫০ ফুট হতে হবে।

নিময়ানুযায়ি না হওয়ায় মামলার বাদি রকিবুল ইসলাম বাধা দেয়। এতে বিবাদি মোঃ আব্দুল ওহাব তার লোকজন নিয়ে রকিবুলের উপর হামলার চেষ্টা করে এবং হত্যার হুমকি দেয়।

ফলে বুধবার রকিবুল ইসলাম আদালতে হাজির হয়ে ঠিক সমাধান ও বিবাদি আব্দুল ওহাবকে বিদ্যুৎ সংযোগ না দিতে আবেদন করেন। এতে সচিব বিএডিসি (সেচ) ও ডেপুপি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালীগঞ্জ, ঝিনাইদহকে বিবাদি করা হয়েছে। এরই প্রেক্ষিতে আদালত ঠিক সমাধান না হওয়া পর্যন্ত নলকূপ স্থাপনের সকল কাজে ১৪৪ ধারা জারি করে।

ঝিনাইদহ প্রেস ক্লাবের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ প্রেস ক্লাবের বার্ষিক সাধারণ সভা-২০২০ অনুষ্ঠিত হয়েছে। প্রেস ক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুর সঞ্চালনায় এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় ২০২০সালের আয়-ব্যয়, সফলতা-ব্যর্থতা এবং আগামী ২০২১ সালের কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়।

এসময় বক্তব্য রাখেন, সাবেক সভাপতি এম সাইফুল মাবুদ, সহ-সম্পাদক কে এম সালেহ, দপ্তর সম্পাদক জহিরুল ইমলাম হিরু, প্রচার সম্পাদক শামীমুল ইসলাম শামীম, আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলম, সাংস্কৃতিক সম্পাদক মেহেদি হাসান সবুজ, নির্বাহী সদস্য দেলোয়ার কবীর, এম এ জলিল, রোকনুজ্জামান মিলন প্রমুখ।

আলোচনা শেষে প্রীতি ভোজের আয়োজন করা হয়।

[redacted]

[redacted]

ঝিনাইদহে ভারপ্রাপ্ত চেয়ারম্যানের বিরুদ্ধে ষড়যন্ত্রের প্রতিবাদে সংবাদ সম্মেলন ও মানববন্ধন

ঝিনাইদহ সদরের ১৫নং কালীচরণপুর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান বিশার বিরুদ্ধে ষড়যন্ত্রের প্রতিবাদে সংবাদ সম্মেলন ও মানববন্ধন অনুষ্টিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনয়তনে কালীচরণপুর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও মেম্বরদের উদ্যোগে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ভুক্তভোগী মতিয়ার রহমান বিশা। এসময় আরও উপস্থিত ছিলেন একই ইউনিয়নের ২নং ওয়ার্ডের সদস্য জাহাঙ্গীর আলম, ৩নং ওয়ার্ডের সদস্য ইকবাল হোসেন, সংরক্ষিত নারী সদস্য রহিমা বেগম ও শেফালী বেগম। লিখিত বক্তব্যে মতিয়ার রহমান বলেন, আমাদের নির্বাচিত চেয়ারম্যান বর্তমানে অসুস্থ থাকাই আমি গত ১৩মার্চ ২০২০ থেকে চেয়ারম্যানের দায়িত্ব পালন করে আসছি।

আসন্ন ইউপি নির্বাচনে আমি প্রার্থী হওয়ার ঘোষণা দিলে একটি কুচক্রী মহল আমার বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক কার্যকলাপে লিপ্ত হয়ে আমার বিরদ্ধে অপপ্রচার করে আমাকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করছে।

তিনি লিখিত বক্তব্যে আরও বলেন আমার দায়িত্ব পাওয়ার ২/৩ বছর আগের থেকেই মাননীয় প্রধান মন্ত্রীর জমি আছে ঘর নাই এই পকল্পের আওতায় ঘর পাইয়ে দেওয়ার কথা বলে ইউনিয়নের নিরীহ অসহায় মানুষদের নিকট থেকে ইউপি সদস্য উজ্জল লাখ লাখ টাকা হাতিয়ে নিয়েছে যার প্রমান দেওয়ার জন্য এখানে অনেকেই এসেছেন।

নিজের দোষ অন্যের ঘাড়ে চাপানোর জন্য উজ্জল মেম্বর ও তাদের সাঙ্গ পাঙ্গরা আমার বিরুদ্ধে সাংবাদিকদেও নিকট মিথ্যা তথ্য দিয়ে বিভিন্ন পত্র পত্রিকায় সংবাদ প্রকাশ করেছে। এই মিথ্যা সংবাদের বিরুদ্ধে আমি তিব্র প্রতিবাদ জানায় এবং আপনাদের লেখনির মাধ্যমে প্রকুত সত্য তুলে ধরে দোষিদের শাস্তির আওতায় আনার দাবি জানায়।

সংবাদ সম্মেলন শেষে বিকাল তিনটায় ইউনিয়নের বয়ড়াতলা বাজারে এলাকার শত শত নারী পুরুষের উপস্থিতিতে ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান বিশার বিরুদ্ধে মিথ্যা ষড়যন্ত্রের প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

সাংবাদিকদের সাথে মতবিনিময় করলেন শৈলকুপা পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার ৮নং কাউন্সিলর মো: শওকত আলীর সাথে শৈলকুপায় কর্মরত সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা বৃহস্পতিবার বেলা ২টায় তার নির্বাচনী কার্যালয়ে অনুষ্ঠিত হয়। ইলেকট্রনিক ও পিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

পৌর কাউন্সিলর প্রার্থী ও বর্তমান কাউন্সিলর মো: শওকত আলী তার বক্তব্যে বলেন, শৈলকুপা পৌরসভার ৮নং ওয়ার্ড একটি গুরুত্বপূর্ণ ওয়ার্ড। এ এলাকায় পুঞ্জীভূত সমস্যা সমাধানে আমি বদ্ধপরিকর। পৌর নাগরিকদের সার্বিক সুযোগ-সুবিধা প্রদানে কাজ করে যাচ্ছি। পানিবদ্ধতা নিরসন, যানজট, হাটবাজার উন্নয়ন, ড্রেনেজ সমস্যা দূরীকরণ, অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ, শিক্ষার উন্নয়ন এবং মাদকদ্রব্য ও বাল্যবিবাহর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণে আমি দৃঢ়প্রতিজ্ঞ।

তিনি আরো বলেন, দুর্নীতিমুক্ত একটি আধুনিক ওয়ার্ড গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। এছাড়াও সনাতন ধর্মাবলম্বী অধ্যুসিত কবিরপুর এলাকার বাসিন্দাদের সকলপ্রকার নিরাপত্তা প্রদান ও পুজা সহ সকল ধর্মীও অনুষ্ঠানে নিরাপত্তা ও সবধরনের সহযোগীতা প্রদান করেছি। এই ওয়ার্ডের সার্বিক উন্নয়নে আমি সমাজের বিভিন্ন পেশাজীবী জনসাধারণের সহযোগিতা ও ভোট কামনা করছি, আমার অসমাপ্ত কাজগুলো আমি পুনরায় নির্বাচিত হলে সম্পন্ন করবো। আমি বিশ্বাস করি ভোটাররা আবারও আমাকে ভোট দিয়ে জয়যুক্ত করবে।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তিনি আরও বলেন, আমি এই ওয়ার্ডের প্রতিটি মানুষের অস্থিমজ্জ্বায় মিশে আছি। পরিশ্রম আমাকে আজ একটি ভালো অবস্থান দিয়েছে। এই ওয়ার্ডকে সাজাতে একমাত্র সুষ্ঠ ও সুন্দর পরিকল্পনাই পারবে শেকর থেকে শিখরে নিয়ে যেতে।তিনি তার প্রতিক ডালিম মার্কায় সকল ভোটারের ভোট কামনা করেন এবং ক্যান্সারে আক্রান্ত তার স্ত্রীর জন্য সকলের নিকট দোওয়া কামনা করেন।

কালীগঞ্জে পৃথক সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকায় কাভার্ডভ্যানের ধাক্কায় ইকবাল হোসেন (৩৫) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

গতকাল বুধবার দুপুরে যশোর-ঝিনাইদহ মহাসড়কের বারোবাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহা: মাহফুজুর রহমান জানান, ইকবাল মোটরসাইকেল নিয়ে যশোরে যাচ্ছিলেন। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি মুরগি বোঝায় কাভার্ডভ্যান তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে রাস্তার পাশে ছিটকে পড়ে ঘটনাস্থলেই ইকবাল মারা যান। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এদিকে, ঝিনাইদহ সদর উপজেলার গান্না বাজার এলাকায় সড়ক দুর্ঘটনায় ইমদাদুল হক (৩২) নামে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন। গতকাল বুধবার বিকেল ৩ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইমদাদুল হক কালীগঞ্জ উপজেলার মথুরাপুর গ্রামের আশাদুল ইসলামের ছেলে। সে চুয়াডাঙ্গায় ব্যাংক এশিয়ার মার্কেটিং অফিসার পদে কর্মরত ছিলেন।

কালীগঞ্জ থানার এসআই আবুল খায়ের জানান, গতকাল বুধবার বিকেল ৩ টার দিকে চুয়াডাঙ্গা থেকে মোটরসাইকেলে করে নিজ বাড়ি মথুরাপুরে

ফিরছিলেন ইমদাদুল হক। পথমধ্যে সদর উপজেলার গান্না বাজার এলাকায় পৌঁছালে একটি ভ্যানের সাথে ধাক্কা খেয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে যান।

এরপর কালীগঞ্জগামী একটি সবজি বোঝায় ট্রাক তার কোমরের উপর দিয়ে চলে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আ.লীগ প্রার্থী শাহাজানের মনোনয়ন ফরম জমা

আসন্ন ঝিনাইদহের কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে মেয়র পদে আ.লীগের মনোনীত দলীয় প্রার্থী শাহাজান আলী মনোনয়ন ফরম জমা দিয়েছেন। গতকাল বুধবার বিকালে উপজেলা নির্বাচন অফিসে আ.লীগের দলীয় প্রার্থী হিসেবে উপজেলা নির্বাচন অফিসার মোঃ ওয়াহিদ মুরাদের উপস্থিতিতে জেলা রিটার্নিং কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান এর নিকট এই মনোনয়ন ফরম জমা দেন।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, আ.লীগ নেতা কাজী আলমগীর, সাবেক উপজেলা যুবলীগ সভাপতি মীর কাশেম আলী প্রমুখ।

এর আগে ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চলের নের্তৃত্বে আ.লীগের সকল পর্যায়ের নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে একটি শোডাউন শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে উপস্থিত হয়।

এসময় নৌকার শ্লোগান দিতে থাকেন শত শত নেতা-কর্মী। নানা গুঞ্জন ও জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে গেল শনিবার (২৬ডিসেম্বর) রাত ৮টায় গণভবনে মনোনয়ন বোর্ডের সিদ্ধান্তে শাহাজান আলীকে নৌকার প্রার্থী হিসেবে ঘোষণা দেওয়া হয়।